

শিশু কল্যাণ ট্রাস্ট  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
www.skt.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব হাবিবুর রহমান, পরিচালক (যুগ্ম-সচিব), শিশু কল্যাণ ট্রাস্ট।  
সভার স্থান : পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট-এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ০৭ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ; রোজ বৃহস্পতিবার  
সভার সময় : দুপুর ২:৩০ ঘটিকা।  
উপস্থিতি : সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অধ্যকার সভার আলোচ্যসূচি ভিত্তিক গৃহীত সিদ্ধান্তসমূহ অনুচ্ছেদওয়ারী নিম্নে বর্ণিত হলো।

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন, চূড়ান্তকরণ ও অনুমোদন।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরের জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা খসড়া প্রণয়ন করত: কমিটির সকল সম্মানিত সদস্যগণের নিকট উপস্থাপন করা হয়। উপস্থাপিত শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিষয়ে কমিটির সদস্যগণের কোন আপত্তি না থাকায় ইহা চূড়ান্তকরণের বিষয়ে সকলে একমত পোষণ করেন।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপস্থাপিত শুদ্ধাচার কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।
২.০	২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান।	২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কারের সূচক সম্বলিত ফরমে মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করে একত্রিত করে দেখা যায় যে, কর্মকর্তাদের ক্যাটাগরীতে (১ম-১০ম গ্রেড) জনাব মো: আতিকুর রহমান ডুইয়া, সাবেক উপ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট সর্বোচ্চ ৯৪ মার্ক এবং কর্মচারীদের (১১শ-২০তম গ্রেড) জনাব মো: আবু খায়ের, অফিস সহায়ক, শিশু কল্যাণ ট্রাস্ট সর্বোচ্চ ৯৩মার্ক পেয়েছেন। নৈতিকতা কমিটি/বাছাই কমিটির মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ মার্ক পাওয়ায় দুটি ক্যাটাগরীতে জনাব মো: আতিকুর রহমান ডুইয়া, সাবেক উপ পরিচালক, এবং জনাব জনাব মো: আবু খায়ের, অফিস সহায়ক-কে ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সকলে একমত পোষণ করেন।	নৈতিকতা কমিটি/ বাছাই কমিটির মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ মার্ক পাওয়ায় কর্মকর্তাদের ক্যাটাগরী (১ম-১০ম গ্রেড) জনাব জনাব মো: আতিকুর রহমান ডুইয়া, সাবেক উপ পরিচালক এবং কর্মচারীদের (১১শ-২০তম) গ্রেডে জনাব জনাব মো: আবু খায়ের, অফিস সহায়ক কে ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।

A

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সক্রিয় অংশগ্রহণ এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হাবিবুর রহমান)

পরিচালক (যুগ্ম-সচিব)

ফোন: ৫৫০৭৪৮৮১

ই-মেইল: [director@skt.gov.bd](mailto:director@skt.gov.bd)

নং-৩৮.০১.০০০০.০২০.০২.০৫.১৮- ৬৭৪

বিতরণঃ কার্যার্থে।

- ১। উপ-পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
- ৪। উপ সহকারী প্রকৌশলী, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
- ৬। কর্মচারি (সকল) শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। অফিস কপি।